



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৩২৬৩

তারিখ: ৩০/১২/২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়: লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন, সদস্য ভর্তি ও সঞ্চয় আদায়।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের সদর দপ্তরের স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪২৮.১৩-২৯৮৬ তারিখ: ০৩/৮/২০১৫ খ্রিঃ মূলে ২০১৫-২০১৬ অর্থ বছরে প্রকল্পভুক্ত প্রত্যেক উপজেলায় ক্রমপুঞ্জিতভাবে ৫১ টি সমিতি গঠন, ১৪৫০ জন সদস্য ভর্তি এবং ২৭.০০ (সাতাইশ লক্ষ) টাকা সঞ্চয় আদায় করার নির্দেশনা থাকলেও মাইক্রোফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের রিপোর্ট পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পভুক্ত অধিকাংশ উপজেলায় সমিতি গঠন, সদস্য ভর্তি ও সঞ্চয় আদায়ের হার খুবই হতাশাজনক।

প্রকল্পের প্রয়োজনীয় জনবল ও সকল সুযোগ সুবিধা থাকা সত্ত্বেও সমিতি গঠন, সদস্য ভর্তি ও সঞ্চয় আদায় লক্ষ্যমাত্রা অনুযায়ী না হওয়ায় সংশ্লিষ্ট উপজেলায় কর্মরত প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার দায়িত্ব পালনে অবহেলা, উদাসীনতা ও তদারকির অভাব এবং মাঠ সংগঠকদের প্রকল্প কার্যক্রমে গাফিলতি, অনাগ্রহ ও অবহেলার বিষয়টি সুস্পষ্টভাবে প্রতিয়মান হয়। তাই ডিসেম্বর/২০১৫ খ্রিঃ মাসের মধ্যে ক্রমপুঞ্জিতভাবে প্রত্যেক উপজেলায় ৪০ টি সমিতি গঠন, ১০০০ জন সদস্য ভর্তি এবং ১৫.০০ (পনের লক্ষ) টাকা সঞ্চয় আদায় না হলে প্রকল্পের সংশ্লিষ্ট সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও মাঠ সংগঠকের বেতন-ভাতা আগামী জানুয়ারী/২০১৫ খ্রিঃ মাস হতে বন্ধ রাখার নির্দেশনা প্রদান করা হলো।

(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
-----উপজেলা
-----জেলা

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: -----, জেলা: -----।
- ৬। অফিস কপি।